

সমকালীন বাংলা গানের ধারায় কাজী নজরুল ইসলামের আধুনিক গান

দেবাশীষ বেপারী

CamScanner

বাঙালি শ্রোতাদের কাছে হৃদয়গ্রাহী সংগীতরূপে বিবেচিত 'আধুনিক গান' বাংলা গানের চিত্তনন্দিত ও ঐশ্বর্যশীল গীতধারা যার মাধ্যমে বাংলা গানের বহুল বিকাশ ঘটেছে বিশ্বময়। আঠারো শতকের শেষভাগে মর্তবাসী নর-নারীর মিলন-বিরহের প্রেমানুষঙ্গ নিয়ে রামনিধি গুপ্ত সূচনা করেছিলেন যে আধুনিক গান, সেই গানেরই সফল রূপকার কাজী নজরুল ইসলাম। বাংলা আধুনিক গানের দীপ্তিময় বিস্তৃতিতে ও সমৃদ্ধি সাধনে কাজী নজরুল ইসলামের অবদান চিরঅমলিন। বাণীর বিশিষ্টতায় ও সুর বৈভবে নজরুলের আধুনিক গান বাঙালি শ্রোতাদের প্রাণিত করেছে। নজরুলের রচিত আধুনিক বাংলা গানে অচ্ছেদ্যভাবে যুক্ত রয়েছে মানবিক প্রেম ও জীবনানুভূতি। জনপ্রিয়তা ও সুখশ্রাব্যতার নিরিখে নজরুলের আধুনিক গান সমকালে সমাদৃত হয়েছে। বাংলা আধুনিক গান রচনার ক্ষেত্রে কাজী নজরুল ইসলামের অবিস্মরণীয় অবদান– শ্রমবিভাজন ও শ্রোতা অভিমুখী সংগীত রচনা। নজরুলের মধুময় বাণী, সুরম্য সুর আর যথার্থ জীবনানুভূতি আধুনিক গানকে এক গৌরবময় সংগীতধারায় উপনীত করেছে। সংগীতে নজরুল ইসলাম মানুষের হৃদয় বারতা ও বাসনাকে অতি সাবলীলভাবে রূপায়িত করতেন বলেই তাঁর গান বিপুলভাবে শ্রোতাচিত্ত জয় করেছে। নজরুলের গান অনুরাগে, উচ্ছ্বাসে, বিহ্বলতায়, সংকটে গৃহবাসী মানুষের স্বপ্ন ও অনুভবের ছবি এঁকেছে হৃদয়ের পটে, ফলে সে গানের মাধ্যমে বাংলা আধুনিক গানের সীমানা প্রসারিত হয়েছে বিপুলসংখ্যক শ্রোতার হৃদয়ে। এই আধুনিক শ্রেণির গীতরচনাকে ঘিরে নজরুলের সৃজনপ্রতিভা ও হৃদয়ানুগ অনুভূতির সর্বোচ্চ প্রকাশ লক্ষ্য করা যায়। বাংলা গানের আধুনিকতার পথে বহু বাণীকার ও সুরকারের মৌলিক পদচিহ্ন অঙ্কিত হলেও নজরুলের সৃজন প্রতিভার পরশে মহিমান্বিত হয়ে উঠেছে আধুনিক গান। বাংলা প্রেমের গানের অসামান্য যে ধারা পল্লবিত হয়ে উঠেছে নজরুলের আধুনিক শ্রেণির গানকে কেন্দ্র করে–সে প্রসঙ্গ নিয়ে এ গ্রন্থ। নজরুলের সমকালীন ও পূর্বাপর সঙ্গীতকারদের রচিত সেই অধুনিক গান, বাংলা গানের ইতিহাস, ঐতিহ্য, বিচিত্র ধারা, নজরুলের আধুনিক গানের গীতিকার ও সুরকার প্রসঙ্গ, নামকরণ, গানের বৈশিষ্ট্য, রচনার প্রেক্ষাপট, বিভিন্ন সুরকার, অন্য সঙ্গীতকারদের সঙ্গে তুলনা, আধুনিক বাংলা গানের অমর রূপকারগণের গান, সমকালীন সুধীজনের স্মৃতিচারণে নজরুলের গান প্রভৃতি প্রসঙ্গ আলোচিত হয়েছে এ গ্রন্থে।

CamScanner

সমকালীন বাংলা গানের ধারায় কাজী নজরুল ইসলামের আধুনিক গান

দেবাশীষ বেপারী

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

CamScanner

সমকালীন বাংলা গানের ধারায় কাজী নজরুল ইসলামের আধুনিক গান

প্রকাশকাল : মে ২০২৪

প্রকাশক : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, প্লট: ১৮/এ, ব্লক: ই
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮-০২-৫৮১৬০১০০,
ফ্যাক্স: +৮৮-০২-৫৮১৬০২০২
ই-মেইল: chairmanugc@yahoo.com
ওয়েবসাইট: www.ugc.gov.bd

ইউজিসি প্রকাশনা নম্বর: ২৩৮

আইএসবিএন : ৯৭৮-৯৮৪-৩৭-০০৬০-৫

গ্রন্থস্বত্ব : © বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সংরক্ষিত। প্রকাশকের পূর্বানুমতি ছাড়া এই গ্রন্থ অথবা এর অংশবিশেষ পুনঃপ্রকাশ করা যাবে না।

সার্বিক তত্ত্বাবধানে : ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
মোঃ শাহীন সিরাজ
অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
মোহাম্মদ নজরুল ইসলাম
উপপরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
ড. মুহাম্মদ সাজেদুল ইসলাম
পাবলিকেশন অফিসার, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

প্রচ্ছদ : নাজমুল কাদির কায়কোবাদ

মূল্য : ২৯০.০০ টাকা
ইউএস ডলার $ 3

মুদ্রণ : ডানা প্রিন্টার্স লিমিটেড
গ-১৬ মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৩
মোবাইল: +৮৮ ০১৮১৬-১০৬৬৫০

.....

Samakaleen Bangla Ganer Dharay Kazi Nazrul Islamer Adhunik Gaan by Debasish Bepary, Published by The University Grants Commission of Bangladesh
UGC Bhaban, Plot: 18/A, Block: E, Agargaon Administrative Area
Sher-e-Bangla Nagar, Dhaka-1207
Phone: +88-02-58160100, +88-02-58160208
Fax: 88-02-58160202, 58160206, Email: chairman@ugc.gov.bd
Web: www.ugc.gov.bd, ISBN: 978-984-37-0060-5

CamScanner

উৎসর্গ

সস্নেহে যাঁর সান্নিধ্যে এসে নজরুলের শ্রুতিমধুর গান শিখে এই গানকে চির আপন করেছি এবং যাঁর হাত ধরে বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদানের জীবন শুরু করেছি– আমার সেই পরম পূজনীয় সংগীতগুরু উপমহাদেশের বরেণ্য নজরুল সংগীতশিল্পী–
খায়রুল আনাম শাকিল-এর করকমলে।

CamScanner

সূচিপত্র

প্রথম অধ্যায়

বাংলা গানের ইতিহাস ও ঐতিহ্য- ১৯

বাংলা গানের বিচিত্র ধারা- ২৫

আধুনিক বাংলা গান- ৬৬

দ্বিতীয় অধ্যায়

নজরুলের আধুনিক গান: গীতিকার ও সুরকার প্রসঙ্গ- ৭৫

নজরুলের আধুনিক গানের নামকরণ- ৭৯

নজরুলের আধুনিক গান রচনার পটভূমি- ৮৫

নজরুলের আধুনিক গানে কথা ও সুরে জীবনানুভূতি- ৮৯

নজরুলের নিজস্ব সুরারোপিত আধুনিক গান- ১১১

নজরুলের রচিত অধুনিক গানে বিভিন্ন সুরকার- ১১৮

তৃতীয় অধ্যায়

নজরুল ও অন্যান্য সঙ্গীতকারদের আধুনিক গানের মধ্যে তুলনা- ১২৯

রবীন্দ্রনাথ ও নজরুলের গান- ১৩৩

দ্বিজেন্দ্রলাল ও নজরুলের গান- ১৩৮

রজনীকান্ত ও নজরুলের গান- ১৪১

অতুলপ্রসাদ ও নজরুলের গান- ১৪৬

নজরুলের আধুনিক গানের বৈশিষ্ট্য- ১৫৪

চতুর্থ অধ্যায়

আধুনিক বাংলা গানের অমর রূপকারগণ ও তাঁদের গান- ১৬৩

সুরকার কমল দাশগুপ্তের গান- ১৬৬

CamScanner

গীতিকার প্রণব রায়ের গান- ১৭৭
সুরকার শৈলেশ দত্তগুপ্তের গান- ১৮৬
গীতিকার গৌরীপ্রসন্ন মজুমদারের গান- ১৯৪
গীতিকার পবিত্র মিত্রের গান- ২১৩
গীতিকার পুলক বন্দ্যোপাধ্যায়ের গান- ২২৩

পঞ্চম অধ্যায়

সমকালীন সুধীজনের স্মৃতিচারণে নজরুলের জীবন ও গানের মূল্যায়ন- ২৪৫

উপসংহার

উপসংহার- ২৬৭
সহায়ক গ্রন্থপঞ্জি- ২৭৪

পরিশিষ্ট

আধুনিক বাংলা গানের বিকাশে যাঁদের অবদান- ২৮১
আলোকচিত্র ২৮৫
নজরুল রচিত আধুনিক গানের তালিকা- ৩১৫

CamScanner

প্রথম অধ্যায়

- বাংলা গানের ইতিহাস ও ঐতিহ্য
- বাংলা গানের বিচিত্র ধারা
- আধুনিক বাংলা গান

CamScanner

বাংলা গানের ইতিহাস ও ঐতিহ্য


বাংলা গানের ইতিহাস ও ঐতিহ্য বহু প্রাচীন। যে সংগীতের সুর জগতে চিরশান্তির পরশ ছড়ায়, মনে অসীমের অনুভব জাগায়, জীবনের প্রতিক্ষণে চিরমধুর স্নিগ্ধতা আনে, অমিয় সুধায় পিপাসিত চিত্তের তৃষ্ণা মেটায়। রসলোকের অমৃত সুধাসম সুর জীবনের গহীনে প্রবেশ করে প্রেমের আলোয় দীপ্তিময় করেঅন্তর, সেই সঙ্গীতেরই একটি জননন্দিত ধারা 'বাংলা গান'। তাই বাংলা গানের মতো সংগীতের উৎপত্তির প্রসঙ্গেও অলোচনা প্রাসঙ্গিক। সঙ্গীত এ উপমহাদেশের মানুষের সামাজিক জীবনে নতুন অর্থ দান করেছে এবং সংস্কৃতির ভিত্তি গড়েছে। উত্তরাধিকারের পথ বেয়ে সংস্কৃতির সে সুফলআমরা আজও ভোগ করছি। মানুষের সদাস্পন্দিত জীবনে সঙ্গীতের ব্যবহার সর্বব্যাপী। সঠিক তথ্য উপাত্তের অপ্রতুলতার কারণে আমাদের সংগীত সৃষ্টির ইতিহাস অদ্যাবধি রহস্যাবৃত। নির্ভরযোগ্য ও ঐতিহাসিক সূত্রের অভাবে উপমহাদেশের সংগীতসহ, প্রাচ্য ও পাশ্চাত্য সংগীতের ইতিহাসও অনাবিষ্কৃত এবং কল্পকথা নির্ভর। কুয়াশার মতো ধূসর আবরণে আচ্ছাদিত আমাদের সংগীতের উৎপত্তির ইতিহাস।

হিন্দু ধারণা মতে প্রচলিত বিশ্বাস– সংগীত স্বর্গীয় বিষয়। সংগীতের সাধনা বা চর্চা স্বর্গীয় কর্মধারারই অনুরূপ। সঙ্গীতে সুরের অর্ঘ্যে অসীম ও অবিনশ্বরতার সাথে একীভূত হয়ে যায় আপন হৃদয়। একমাত্র ঈশ্বরেরই সৃষ্টি সঙ্গীত। হিন্দুদের কাছে সংগীতের উৎস যে স্বর্গ সে বিষয়ে ১৮৯৬ সালে প্রকাশিত 'দি ইউনিভার্সেল হিস্ট্রি অফ মিউজিক' গ্রন্থে এস এম ঠাকুরও একই অভিমত রেখেছেন সংগীত সম্পর্কে। তিনি বলেন– "হিন্দুদের কাছে সঙ্গীতের উৎস স্বর্গে।"[১] হিন্দু পৌরাণিক মতে বিশ্বস্রষ্টা ব্রহ্মা সংগীতের সৃষ্টি করেছেন। শাস্ত্রীয় বিধান অনুসারে এবং বৈদিক মতে সরস্বতীকে ললিতকলার তথা সংগীতের

CamScanner

দেবী হিসেবে মান্য করা হয়। আমাদের ভারতীয় উপমহাদেশে প্রচলিত ধর্মীয় বিশ্বাসের বিপরীতে বৈজ্ঞানিকভাবে অনুসন্ধান ও গবেষণা করে সংগীতের সত্য উদঘাটনের জন্য সেভাবে কেউ অগ্রসর হয়নি। তাই বিজ্ঞানভিত্তিকভাবে সংগীতের ইতিহাস জানবার পথটিও মসৃণ হয়ে ওঠেনি। সামাজিকভাবে সংস্কারপন্থী, ধর্মবিচ্যুত বলে আখ্যায়িত হওয়ার ভীতি এর মূল কারণ। তাই সংগীত বিষয়ে বৈজ্ঞানিকভাবে অনুসন্ধান ও গবেষণা হয়েছে পাশ্চাত্যে। ললিতকলার বিকাশের ধারা পাশ্চাত্য ও প্রাচ্যের অঞ্চলগুলোতে একই রকম প্রায়, ফলে সংগীতের উদ্ভব ও বিকাশের মতবাদ, তত্ত্ব-বিশ্লেষণ পাশ্চাত্যের মতো প্রাচ্যের ক্ষেত্রেও প্রযোজ্য। সংগীতের উৎপত্তি বিষয়ক বিজ্ঞানী ও মনীষীদের সেসব মতবাদ সম্পূর্ণ রূপে শতভাগ সত্য বলে দাবিও করেনি কেউ এবং চূড়ান্ত বলে প্রমাণিত হয়নি কোথাও।বাংলা গান শোনার যতটা আকাঙ্ক্ষা আছে বাঙালির, বোঝার আকাঙ্ক্ষা ততটাই কম। অর্ধ-স্বীকৃত ও অর্ধ-সিদ্ধ এ তত্ত্বের উপরই প্রতিষ্ঠিত সংগীতের উৎপত্তির ইতিহাস। "জীবজন্তুর স্বর বা চিৎকার অবিকল নকল করার প্রবৃত্তি থেকেই মানুষ গান গাইতে শিখেছে"[২] এটি ছিল বিজ্ঞানীদের প্রথম দিককার মতবাদ। চার্লস ডারউইনের মতে- "বিপরীত লিঙ্গের প্রাণীকে যৌনাসক্ত করার প্রচেষ্টা তথা যৌন মিলনের বাসনা থেকে সঙ্গীতের উৎপত্তি।"[৩] আবার "উচ্চকণ্ঠে কথা বলার প্রবণতা থেকেই সঙ্গীতের শুরু"[৪] বলে মত প্রকাশ করেছেন ফরাসি বিজ্ঞানী জ্যাঁ জাক রুশো, ইংল্যান্ডের হার্বার্ট স্পেনসার। সঙ্গীতের উৎপত্তি বিষয়ক একটি মত দিয়েছেন ওয়ালাস্চেক সেখানে তিনি বলতে চেয়েছেন যে– "প্রাচীন মানুষের একান্ত প্রয়োজনের তাগিদে লয় দিয়েছে সঙ্গীতের জন্ম।"[৫] এ প্রসঙ্গে ভিন্ন মত আছে– "সঙ্গীতের জন্ম হয়েছে শব্দের মাধ্যমে সংকেত দানের প্রয়োজন থেকে।"[৬] এমন মত ব্যক্ত করেছেন ফাদার ডাব্লিউ স্মিদ এবং কার্ল স্টাম্ফ। "সঙ্গীতের শুরু হয়েছে গান গাওয়ার মাধ্যমেই। এবং সম্ভবত সঙ্গীত ভাষার থেকেও প্রাচীন।"[৭] সঙ্গীতের উৎপত্তি সম্পর্কে যে সকল মত প্রচলিত রয়েছে তার মধ্যে সর্বাপেক্ষা প্রণিধানযোগ্য ও যুক্তিযুক্ত তত্ত্ব এটি।

CamScanner



ড. দেবাশীষ বেপারী জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের সহযোগী অধ্যাপক। তিনি এ প্রজন্মের একজন নবীন পরিশীলিত গায়ক ও অন্বেষক। বাংলাদেশের সর্বদক্ষিণে বঙ্গোপসাগর উপকূলবর্তী সুন্দরবন সংলগ্ন বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন কাঁঠালতলী ইউনিয়নের বকুলতলা গ্রামে ১৯৮৫ সালের ২২শে মার্চ জন্মগ্রহণ করেন। পিতা অনিল চন্দ্র বেপারী ও মাতা সবিতা রানী। শৈশবেই পিতৃহারা হন তিনি। বকুলতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কাঁঠালতলী সপ্তগ্রাম মাধ্যমিক বিদ্যালয় ও পাথরঘাটা মহাবিদ্যালয় থেকে যথাক্রমে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের পড়াশুনা শেষ করেন। পরবর্তীকালে ২০০৫-০৬ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে সংগীত বিভাগ থেকে কৃতিত্বের সাথে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করেন। ছাত্রজীবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী 'জয়ধ্বনি সাংস্কৃতিক সংগঠন'-এর সাধারণ সম্পাদক ছিলেন। নজরুল স্মৃতিধন্য ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগে ২০১৩ সালে প্রভাষক হিসেবে যোগদান করেন। ২০২১ সালে 'সমকালীন বাংলা গানের ধারায় কাজী নজরুল ইসলামের আধুনিক গান' শীর্ষক গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। নজরুলের গান ও গায়কীর প্রতি গভীর অনুরাগী এক অনুসন্ধিৎসু গবেষক ও শিল্পী তিনি। কাজী নজরুল ইসলাম ও বাংলা গানের অমর সংগীতকারদের বিচিত্র ধারার গান নিয়ে গবেষণা ও বিশ্লেষণধর্মী কর্মকাণ্ডে নিয়োজিত রয়েছেন। দেশি-বিদেশি গবেষণাধর্মী পত্রিকার সংগীত বিষয়ক প্রবন্ধকার তিনি। তাঁর প্রকাশিত গবেষণা গ্রন্থ- 'নজরুলের গানে প্রকৃতি প্রীতি' এবং 'নজরুলের কলকাতা বেতার কেন্দ্রের জীবন ও গান'।

CamScanner